দৈনিক ইনকিলাব • 023

তারিখ 14 JUL 1987
পৃষ্ঠা ৮ কলাম ১

# উপজেলা পরিক্রমা

## বিরল

দিনাজপুর, ১৩ মে (সংবাদদাতা)।— উত্তরাঞ্চলের অবহেলিত দিনাজপুর জেলার পশ্চিমাংশের শেষ সীমান্তবর্তী উপজেলাটির নাম "বিরল"। উপজেলা সদর হতে মাত্র ৩/৪ মাইল দক্ষিণ ও পশ্চিমে ভারত, ১৫ মাইল উত্তরে বোচাগঞ্জ উপজেলা এবং ৫ মাইল পূর্বে দিনাজপুর সদর। বাংলাদেশের সাথে ভারতের সরাসরি রেল যোগাযোগ এ উপজেলা হতে রয়েছে। তবে এই রেল পথ শুধু সরকারী কাজে ব্যবহৃত হয়ে থাকে। বিরলেই রয়েছে বেসরকারীভাবে প্রতিষ্ঠিত মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাষ্টের নিয়ন্ত্রনাধীন নামকরা কড়াই বিল।

১০টি ইউনিয়ন, ২৫৬টি গ্রাম ও ২৪২টি মৌজা নিয়ে গঠিত বিরল উপজেলার আয়তন ১৩৬ বর্গমাইল। উপজেলার লোকসংখ্যা ১,৬৬৪৮৫ জন।

### যোগাযোগ

থানা থাকা অবস্থায় এ উপজেলার সাথে জেলা সদরের যোগাযোগ সড়ক ছিল বটে কিন্তু দিনাজপুরের পাশ দিয়ে বয়ে যাওয়া পুনর্ভবা নদীটির কারণে বর্ষা মওসুমে সড়ক পথে যোগাযোগ প্রায় বন্ধ থাকতো। কিন্তু বর্তমান সরকারের প্রশাসনিক বিকেন্দ্রকরণের মাধ্যমে ১৯৮৩ সালের ১৪ সেপ্টেম্বর থানা থেকে উপজেলায় উন্নীত হওয়ার পরপরই বর্তমান সরকার অত্রাঞ্চলের বহু আকাংখিত সেতুটি নির্মাণের উদ্যোগ গ্রহণ করে এবং কাজও শুরু হয়। আগামী ২ বছরের মধ্যে প্রায় ৪ কোটি ৩৬ লাখ টাকা ব্যয়ে ৭শ' ফিট দৈর্ঘ এই সেতুটির কাজ সম্পন্ন হবে বলে আশা করা যাচ্ছে।

### কৃষি

উপজেলা বিরলে মোট আবাদী জমির পরিমাণ হচ্ছে ৮৫,৯৫৯ একর। এর মধ্যে এক ফসলি জমির পরিমাণ হচ্ছে ৩৭,৯৫৫ একর, দো-ফসলি জমি ১৭২৭০ একর, তিন ফসলি জমি ৪৪৮৮ একর ও চলতি পতিত জমির পরিমাণ হচ্ছে ৬০৫১ একর। উপজেলার কৃষিজীবীর সংখ্যা ১৪,৯৬৬ জন। অত্রাঞ্চলের উপজেলাসমূহের মধ্যে বিরল উপজেলায় সর্বাধিক মৎস চাষ উপযোগী পুকুর রয়েছে। এ উপজেলায় প্রায় ৪ হাজার পুকুর রয়েছে।

### শিক্ষা

প্রয়োজনের তুলনায় পর্যাপ্ত পরিমাণে শিক্ষা প্রতিষ্ঠান না থাকায় বিরল উপজেলা শিক্ষাক্ষেত্রে অনেক পিছিয়ে রয়েছে। এখানে ৯২টি প্রাইমারী স্কুল, ২টি জুনিয়ার হাই স্কুল, ১৮টি হাই স্কুল, ১টি কলেজ ও ৬টি মাদ্রাসা রয়েছে। এ ছাড়াও রয়েছে ৩৬৯টি মসজিদ, ১৩৯টি মন্দির ও ৩টি গীর্জা।

### স্বাস্থ্য

বিপুল সংখ্যক লোকের জন্য মাত্র একটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তাও মাত্র ১০ শয্যা বিশিষ্ট হওয়ার কারণে স্থানীয় জনসাধারণ চিকিৎসা পায় না বললেই চলে। এ ছাড়াও রয়েছে ১টি উপস্বাস্থ্য কেন্দ্র, পরিবার পরিকল্পনা কেন্দ্র ১টি ও পরিবার কল্যাণ কেন্দর ৬টি। বিশুদ্ধ খাবার পানির জন্য ১২২৯টি হস্তচালিত নলকূপ রয়েছে।